

## 💵 শারহুল আক্ষীদা আত্-ত্বহাবীয়া

বিভাগ/অধ্যায়ঃ ২২. এবং তিনি তাদেরকে তার আনুগত্য করার আদেশ দিয়েছেন এবং তার নাফরমানী করা হতে বিরত থাকার নির্দেশ দিয়েছেন (وَأَمْرَهُمْ بِطَاعَتِهِ وَنَهَاهُمْ عَنْ مَعْصِيَتِه)
রচয়িতা/সঙ্কলকঃ ইমাম ইবনে আবীল ইয আল-হানাফী (রহিমাহ্লাহ)

এবং তিনি তাদেরকে তার আনুগত্য করার আদেশ দিয়েছেন এবং তার নাফরমানী করা হতে বিরত থাকার নির্দেশ দিয়েছেন।

ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ বলেন,

وَأُمَرَهُمْ بِطَاعَتِهِ وَنَهَاهُمْ عَنْ مَعْصِيَتِه

এবং তিনি তাদেরকে তার আনুগত্য করার আদেশ দিয়েছেন এবং তার নাফরমানী করা হতে বিরত থাকার নির্দেশ দিয়েছেন।

.....

ব্যাখ্যা: সৃষ্টি করা ও নির্ধারণ করা সম্পর্কে আলোচনা করার পর ইমাম ত্বহাবী রহিমাহুল্লাহ আল্লাহর আদেশ-নিষেধ সম্পর্কে আলোচনা করেছেন। এখানে ইঙ্গিত পাওয়া যাচ্ছে যে, আল্লাহ তা'আলা তার ইবাদত প্রতিষ্ঠা করার জন্যই সৃষ্টিজগৎ সৃষ্টি করেছেন। আল্লাহ তা'আলা বলেন,

وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ إِلَّا لِيَعْبُدُونِ مَا أُرِيدُ مِنْهُم مِّن رِّزْقٍ وَمَا أُرِيدُ أَن يُطْعِمُونِ إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ

"আমি জিন এবং মানুষকে একমাত্র আমার ইবাদত করার জন্যই সৃষ্টি করেছি। আমি তাদের কাছে কোনো রিযিক চাই না কিংবা তারা আমাকে খাওয়াবে তাও চাই না। আল্লাহ নিজেই রিযিকদাতা এবং প্রবল শক্তিধর ও পরাক্রমশালী।"। (সূরা যারিয়াত: ৫৬)। আল্লাহ তা'আলা বলেন,

الَّذِي خَلَقَ الْمَوْتَ وَالْحَيَاةَ لِيَبْلُوكُمْ أَيُّكُمْ أَحْسَنُ عَمَلًا وَهُوَ الْعَزِيزُ الْغَفُورُ

তিনি মৃত্যু ও জীবন সৃষ্টি করেছেন, তোমাদেরকে পরীক্ষা করার জন্য, কে তোমাদের মধ্যে আমলের দিক দিয়ে সর্বোত্তম। আর তিনি পরাক্রমশালী ও ক্ষমাশীল। (সূরা মূলক: ২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=8897

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন